

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজ সেবা অফিসারের কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৪৪

তারিখ : ২৭ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৩ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময় ৪ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

  
২৭/৭/২১  
(মোঃ সালেকুল ইসলাম)

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি

ও

উপজেলা সমাজ সেবা অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উসসেঅ/নাগ/কুড়ি/২০২১/ ৪৪৪(৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

(মোঃ সালেকুল ইসলাম)

সদস্য সচিব

উপজেলা উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি

ও






উপজেলা সমাজ সেবা অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজ সেবা অফিসারের কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।  
তারিখ : ০৩ আগস্ট ২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ টা  
স্থান : উপজেলা সমাজ সেবা অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ০৬-০৮-২১	
২	চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান, বেরুবাড়ী ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য	 ০৬-০৮-২১	
৪	কমান্ডার, উপজেলা কমান্ড, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৫	উপজেলা সমাজ সেবা অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	 ০৬/০৮/২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

### আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা সমাজ সেবা অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাস্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, নাগেশ্বরী উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রাপ্ত সম্মানী ভাতা ও বিভিন্ন সুযোগ সুবিধা যথাযথভাবে ব্যাংকের মাধ্যমে প্রদান করা হচ্ছে। কয়েকজন মৃত বীর মুক্তিযোদ্ধার দাফন ও কাফন বাবদ বরাদ্দকৃত অর্থ মরহমের পরিবারের সদস্যদের নিকট প্রদান করা হয়েছে। অস্বচ্ছল মুক্তিযোদ্ধাগণের অনুকূলে প্রাপ্যতার ভিত্তিতে গৃহ নির্মাণ কার্যক্রম চলমান আছে এবং তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড জানান যে, মৃত মুক্তিযোদ্ধাগণের ভাতা বন্টনের ক্ষেত্রে পরিবারের সকল সদস্যদের উপস্থিতি ও সূক্ষ্ম যাচাই-বাছাই স্তে প্রদানের সুপারিশ করেন। যাতে কেউ তথ্য গোপন করে ভাতা ভোগ করতে না পারে এ বিষয়ে সজাগ থাকার অনুরোধ করেন। এছাড়া তিনি জানান বীর মুক্তিযোদ্ধার জাতির শ্রেষ্ঠ সন্তান তাঁরা যাতে কোন প্রকার হয়রানির শিকার না হন, সে বিষয়ে সকলকে সজাগ থাকার পরামর্শ দেন।

৪ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।